দৈনিক ইত্তেফাক

19

তারিখ OCT. 1 9 1999
পৃঃ ৪ কলাম ৫

# শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর গম বিতরণের অনিয়ম

ময়মনসিংহ জেলার ভালুকা থানায় ডাকাতিয়া গ্রামের অন্তর্গত একটি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রহিয়াছে। বিদ্যালয়টি শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতাভুক্ত। সরকারী নিয়ম মোতাবেক প্রতি ছাত্র-ছাত্রীকে মাসে ১৫ কেজি করিয়া গম বিতরণের কথা; কিন্তু এ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও প্রধান শিক্ষক প্রতিমাসে বিতরণ করেন ৬-৭ কেজি হারে এবং কোন কোন মাসে বিতরণ করেন না। তিনমাসে যেখানে প্রতি ছাত্রকে ৪৫ কেজি হারে বিতরণের নিয়ম সেইখানে ৮-১০ কেজি হারে বিতরণও করিয়া থাকেন। এ বিষয়ে থানা নির্বাহী অফিসার, থানা শিক্ষা অফিসার এবং অত্র ইউনিয়নের চেয়ারম্যানকে জানানোর পরও কোন সুফল পাওয়া যায় নাই। থানা শিক্ষা অফিসারের নিকট রিপোর্ট দেওয়ার প্রেক্ষিতে বর্তমানে এ বিদ্যালয়ের শিক্ষার বিনিময়ে খাদ্য ছাত্র-ছাত্রীদের বিতরণ না করিয়া সম্পূর্ণভাবে আত্মসাৎ করা হইতেছে। যাহাতে করিয়া এ বিদ্যালয়ের গরীব ছাত্র-ছাত্রীদের মধ্যে শিক্ষার বিনিময়ে খাদ্য সরকারী নিয়ম মোতাবেক বিতরণ করা হয় তাহার সুব্যবস্থা করিবার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

আসাদুজ্জামান (দুদু),
গ্রাম+ডাকঃ আঙ্গারগাড়া
ভালুকা, ময়মনসিংহ।